

# **া** রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৮১৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮১৪]

8/ निमात आपव (کتاب آداب النوم)

পরিচ্ছেদঃ ১২৭: ঘুমানো, শোয়া, বসা, বৈঠক, সাথী এবং স্বপ্ন সংক্রান্ত আদব কায়দা - শয়নকালে যা বলতে হয়

(127) بَابُ آدَابِ النَّوْم وَالْإضْطِجَاع وَالْقُعُوْدِ وَالْمَجْلِسِ وَالْجَلِيْسِ وَالرُّوْيَا

#### আরবী

عَنِ البَراءِ بنِ عَازِبٍ رَضِيَ اللهُ عَنهُمَا، قَالَ: كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم إذا أَوَى إِلَى فِرَاشِهِ نَامَ عَلَى شِقِّهِ الأَيْمَنِ، ثُمَّ قَالَ: اَللهم أَسْلَمْتُ نَفْسِي إلَيْكَ، وَوَجَّهْتُ وَجُهِي إلَيْكَ، وَفَوَّضْتُ أَمْرِي إلَيْكَ، وَأَلْجَأَتُ ظَهْرِي إلَيْك، رَغْبَةً وَوَجَّهْتُ وَجُهِي إلَيْكَ، وَفَوَّضْتُ أَمْرِي إلَيْكَ، وَأَلْجَأَتُ ظَهْرِي إلَيْك، رَغْبَةً وَرَهْبَةً إلَيْكَ، لاَ مَلْجَأَ وَلاَ مَنْجا مِنْكَ إِلاَّ إلَيك، آمَنْتُ بِكِتَابِكَ الَّذِي أَنْزَلْت، وَنَبِيِّكَ الَّذِي أَرْسَلْت. رواه البخاري بهذا اللفظ في كتاب الأدب من صحيحه

#### বাংলা

১/৮১৮। বারা' ইবনে 'আযেব রাদিয়াল্লাভ্ 'আনভ্ হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম যখন শয্যাগ্রহণ করতেন, তখন ডান পার্শ্বে শয়ন করতেন এবং এই দো'আ পড়তেনঃ-

'আল্লা-হুম্মা আসলামতু নাফসী ইলাইকা অ অজ্ঞাহতু অজহিয়া ইলাইক, অফাউওয়াদতু আমরী ইলাইক, অ আলজা'তু যাহরী ইলাইক, রাগ্বাতাঁউ অরাহবাতান্ ইলাইক, লা মালজাআ অলা মানজা মিনকা ইল্লা ইলাইক, আমনতু বিকিতা-বিকাল্লাযী আন্যালতা অ নাবিয়্যিকাল্লাযী আরসালত ।'

অর্থ - হে আল্লাহ! আমি আমার প্রাণ তোমার প্রতি সমর্পণ করেছি, আমার মুখমণ্ডল তোমার প্রতি ফিরিয়েছি, আমার সকল কর্মের দায়িত্ব তোমাকে সোপর্দ করেছি, আমার পিঠকে তোমার দিকে লাগিয়েছি (তোমার উপরেই সকল ভরসা রেখেছি), এসব কিছু তোমার সওয়াবের আশায় ও তোমার আযাবের ভয়ে করেছি। তোমার নিকট ছাড়া তোমার আযাব থেকে বাঁচতে কোন আশ্রয়স্থল নেই। তুমি যে কিতাব অবতীর্ণ করেছ তার উপর এবং তুমি যে নবী প্রেরণ করেছ তার উপর ঈমান এনেছি। (বুখারী এই শব্দমালায়, আদব অধ্যায়)[1]

## **English**

(127) Chapter: What is to be said at the time of Sleeping



Al-Bara' bin 'Azib (May Allah be pleased with them) reported:

Whenever Messenger of Allah () went to bed, he would lie down on his right side and recite: "Allahumma aslamtu nafsi ilaika, wa wajjahtu wajhi ilaika, wa fawwadtu amri ilaika, wa 'alja'tu zahri ilaika, raghbatan wa rahbatan ilaika, la malja'a wa la manja illa ilaika. Amantu bikitabikal-ladhi anzalta, wa nabiyyikal-ladhi arsalta [O Allah! I have submitted myself to You, I have turned my face to You, committed my affairs to You, and depend on You for protection out of desire for You and out of fear of You (expecting Your reward and fearing Your punishment). There is no refuge and no place of safety from You but with You. I believed in the Book You have revealed, and in the Prophet You have sent (i.e., Muhammad ()).1"

Commentary: Before going to bed, a believer revives his commitment to Faith, Islam and Allah by reciting this prayer of Messenger of Allah (PBUH). Through this practice, every night he is able to remember Allah and His Commandments amidst the activities of the day time.

### ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৪৭, ৬৩১১, ৬৩১৩, ৬৩২৫, ৭৪৮৮, মুসলিম ২৭১০ ,তিরমিয়ী ২৩৯৪, ৩৫৭৪, আবূ দাউদ ৫০৪৬, ইবনু মাজাহ ৩৮৭৬, আহমাদ ১৮০৪৪, ১৮০৮৯, ১৮১১৪, ১৮১৪৩, ১৮১৭৭, ১৮২০৫, দারেমী ২৬৮৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবন আযিব (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন